# মহাশ্বেতা দেবীর ছোটগল্পে অন্ত্যজ আদিবাসী রমণী : এক শিকড়ের সন্ধান

ড. মণিকুন্তলা বসু

মানুষ হল সমাজবন্ধ জীব। সমাজবদ্ধ জীবের নিজস্ব অস্তিত্বের পরিচয় বহন করে সংস্কৃতি। সুতরাং, 'সংস্কৃতি' শব্দটির ধারণা বা ব্যাখ্যা খুব সহজসাধ্য ব্যাপার নয়। মানবসভ্যতা বিকাশের আদিকাল থেকে পৃথিবীর প্রতিটি প্রান্তে গড়ে উঠেছে স্বতন্ত্র মর্যাদার ভিন্ন ভিন্ন সংস্কৃতি, যা মানব সমাজকে ক্রমবির্তনের মধ্য দিয়ে উন্নততর ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে গেছে। এই সংস্কৃতিই আমাদের মানুষে পরিণত করে। সংস্কৃতিই উন্নততর সমাজ গঠনে সহায়ক। সংস্কৃতি মানুষের ভাষা, সাহিত্য, রুচি, ধর্ম ও বিশ্বাস,ধারণা, বিভিন্ন রীতিনীতি, শিক্ষাবোধ, মূল্যবোধ, জীবনভাবনা, শিষ্টাচার, ভাবনা, মননশীলতার এক শৃঙ্খলিত প্রকাশ, যা আমরা যুগ যুগ ধরে শৃঙ্খলা ও অভ্যাসের দ্বারা অর্জন করতে পেরেছি। সংস্কৃতি এক জাতি থেকে অন্য জাতি বা দেশকে যেমন স্বাতন্ত্র্য দান করে, তেমনি এক জাতি বা দেশের সংস্কৃতি অন্য দেশে বা জাতিতে সঞ্চারিতও হতে পারে। সুতরাং, সংস্কৃতির ধারণায় সমাজবিজ্ঞান, নৃতত্ত্ববিজ্ঞান যেমন জড়িত, তেমনি জড়িত আধ্যাত্মিক মনন।

আমাদের বাংলার সংস্কৃতি অভিন্ন সংস্কৃতি নয়। এ সমাজে আছে নানা ধর্ম, বর্ণের বিভাজন। সুতরাং সংস্কৃতিরও নানা রূপ আমরা সহজেই শনাক্তকরণ করতে পারি। পাশাপাশি উপভাষাগত বিভাজনও আমরা দেখতে পাই। সংস্কৃতি স্থানিক পরিচয় বহন করে। বাংলায় এত বৈচিত্র্যের মধ্যেও সংস্কৃতিতে কোনও কোনও ক্ষেত্রে অখণ্ড ও অভ্রান্ত মিল লক্ষ করা যায়।

বাংলার সংস্কৃতির এক গুরুত্বপূর্ণ দিক হল আদিবাসী সম্প্রদায়। প্রাচীনকালে অনার্য বা আদিবাসীরা আমাদের দেশের আদি বাসিন্দা ছিলেন। পরবর্তীতে আর্যদের আগমনে এক মিশ্রিত জনজাতি ও সংস্কৃতির জন্ম হয়। এসবের পরেও আদিবাসী সম্প্রদায়ের নিজস্ব সংস্কৃতি বজায় রাখতে তারা সক্ষম হয়। শিকড়কে তারা অস্বীকার করেনি। তাদের রীতি-নীতি, অভ্যাস, খাদ্যাভ্যাস, জীবনভাবনা, শৃঙ্খলাবোধ, ধর্ম, বিশ্বাস, সব কিছুই তাদের সংস্কৃতিতে যথাযথভাবে বহন করে চলেছে। সংস্কৃতি ও সাহিত্য একে অপরের পরিপূরক। মহাশ্বেতা দেবীর কথাসাহিত্যে এই আদিবাসী সম্প্রদায়ের মানুষের কথা অত্যন্ত নির্ভেজালরূপে উপস্থাপিত হয়েছে। বিশেষ করে এই আলোচনা নিবন্ধে দেখানো হবে মহাশ্বেতা দেবীর ছোটগল্পে অন্ত্যজ আদিবাসী রমণীর সামাজিক অবস্থান, প্রতিবাদ ও স্বাধিকার প্রতিষ্ঠার বৃত্তান্ত। মাটির সোঁদা গন্ধসমেত গল্পগুলি উপস্থাপিত হয়েছে এবং সেই সূত্রে আদিবাসী সমাজের মধ্যেই যে এক অকৃত্রিম দেশীয় কাঠামো আজও বর্তমান, সেই শিকড়ের সন্ধানের প্রচেস্টা করা হবে।

সদ্য স্বাধীন দেশে সাহিত্যকে এবং সাহিত্যিককে অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্যাদায় বিবেচনা করা হতো। লোকজীবনের কথায়, অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে যে সাহিত্যিকের নামটি স্বাধীনোত্তর সময়কালে বড় বেশি নজর কাড়ে, তিনি হলেন মহাশ্বেতা দেবী। ইতিহাস লেখিকার মূল বিষয় এবং ইতিহাসের অর্থ হল সেই নির্দিস্ট অঞ্চলের ভূগোলকে, সমগ্র মানবসমাজকে, তাদের শিক্ষা, সংস্কৃতি ও অর্থনৈতিক পরিমণ্ডলকে জানা। ইতিহাসের প্রেক্ষাপটে ব্যক্তিমানুষের চাওয়া-পাওয়ার বিচার

উপনিষদ ও রবীন্দ্রনাথ
মধুছন্দা গঙ্গোপাধ্যায়—১৩৩

ভগীরথ মিশ্রের 'আড়কাঠি' উপন্যাসে গান : শিকড়ের বন্ধন
নিবেদিতা বিশ্বাস—১৩৮

'গঙ্গা' ও 'পদ্মানদীর মাঝি' উপন্যাস : ধীবর সম্প্রদায়ের জীবন, জীবিকা ও ভাষা
ড. সুতপা যড়ঙ্গী—১৪৪

মহাশ্বেতা দেবীর ছোটোগল্পে অন্ত্যজ আদিবাসী রমণী : এক শিকড়ের সন্ধান
ড. মণিকুন্তলা বসু—১৫০

শিকড় -সন্ধানী শশী : ব্যর্থ হৃদয়ের সংলাপ
শুভশ্রী দাস—১৫৬

বুদ্ধ ভাবনায় মানবাধিকার : একটি মূল্যায়ন
ড.টিয়া রাণী হাজরা সিংহ—১৬১

আফসার আমেদের বশীকরণের কিস্‌সা : অন্তরালের কথা
রুবী নূর—১৬৭

ভারতীয় জাতি সত্তার স্বরূপ অন্বেষণে 'গোরা'
কেয়া ঘটক—১৭২

নীল ময়ূরের যৌবন : বর্তমানের প্রেক্ষাপটে চর্যাপদের পুনর্নির্মাণ
দেবী মণ্ডল—১৭৮

ছোটোগল্পের দুই কল্লোলিনী : প্রভাবতী দেবী সরস্বতী ও নৃসিংহদাসী দেবী
দেবাশিস পাল—১৮৪

মুক্তিসংগ্রামে নারী ও সেলিনা হোসেনের ছোটোগল্প : একটি শিকড়ের সন্ধান
অগ্নিমিতা শীল—১৯২

শিকড়ের খোঁজে : বিশ শতকের দর্শন ভাবনা এক আধ্যাত্মিক ক্রান্তি
নূপুর লাহিড়ী—১৯৭

বিশ শতকে প্রবলতর মানবকেন্দ্রিক সংস্কৃতির উৎসসন্ধান : একটি পর্যালোচনা
নন্দিতা দাস—২০২

বিশ শতকের কয়েকটি বাংলা উপন্যাস ও ভাগবত
গৌরী রানী হোড়—২০৭

সামাজিক নৃতত্ত্ব : সরোজকুমার রায় চৌধুরীর ছোটোগল্প
অন্তরা ঘোষ—২১৫

তারাশঙ্করের 'কবি' উপন্যাস : ভূমিপুত্রের প্রত্যাবর্তন
ফারহা পারভীন—২২১

**In Quest of Roots : 20th Century Literature & Culture**

a collection of essays by eminent researchers on
the culture and literary works in twentieth century

**Editor:** *Dr. Madhu Mitra*
সংকলন ও সম্পাদনা: ড. মধু মিত্র

**Published on:** 30th June 2023
প্রথম প্রকাশ: ৩০ জুন ২০২৩

**Published By:** *Arindam Chandra*
***Basabhumi Prakashan***
27/47/A, Joychand Road. PO: Khagra. PIN-742103
Dist: Murshidabad, State: West Bengal. INDIA
PHONE: 9474919241 E-MAIL: basabhumi@gmail.com

**Cover :** *Krishnajit Sengupta*

**Printer:** *Granco Process*
*44 Biplobi Pulin Das Street, Kolkata-9, West Bengal.*
মুদ্রক : *গ্রানকো প্রসেস, ৪৪ বিপ্লবী পুলিন দাস স্ট্রীট, কলকাতা-৯ (প:ব:)*

Copyright ©: *All rights reserved by Berhampore Girls' College*
গ্রন্থস্বত্ব : বহরমপুর গার্লস কলেজ, বহরমপুর, মুর্শিদাবাদ

**ISBN 978-81-962168-3-2**

**PRICE: INR 800/-**



# শিকড়ের খোঁজে

## বিশ শতকের সাহিত্য-সংস্কৃতি





সংকলন ও সম্পাদনা

ড. মধু মিত্র